

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা।


স্মারক নং ৩৮.০১.০০০০.৭০০.১৪.০১২.১৮-২৭/০৭২

তারিখ: ০২ মাঘ ১৪২৬
২৩ জানুয়ারি ২০২০

বিষয়: পিইডিপি ৪, জিপিএস এবং এনএনজিপিএস প্রকল্পের আওতায় নির্মাণাধীন বিদ্যালয় ভবন/ অতিরিক্ত শ্রেণি কক্ষের ডিজাইন, প্রাক্কলন এবং টেন্ডার ডকুমেন্ট প্রতিষ্ঠান প্রধানের নিকট হস্তান্তর প্রসঙ্গে।

উল্লিখিত বিষয়ে জানানো যাচ্ছে যে, পিইডিপি ৪ এর আওতায় অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণের জন্য ৭৮৪৯টি বিদ্যালয়ের তালিকা অনুমোদন করে এলজিইডিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়েছে। এছাড়াও বর্তমানে চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ৮১৪৯টি এবং চাহিদাভিত্তিক নতুন জাতীয়করণকৃত সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ৬৭১৬টি বিদ্যালয়ে অতিরিক্ত শ্রেণিকক্ষ নির্মাণ কার্যক্রম এলজিইডি কর্তৃক সম্পাদিত হচ্ছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, এসকল বিদ্যালয়ের অবকাঠামো উন্নয়নের পূর্বে এ সংক্রান্ত টেন্ডার ডকুমেন্ট, ডিজাইন এবং প্রাক্কলনের কপি বিদ্যালয়ের প্রধান শিক্ষককে প্রদান করা হচ্ছে না। ফলে বিদ্যালয়ের এসএমসি এবং শিক্ষকগণ কর্তৃক বিদ্যালয়ের অবকাঠামো উন্নয়ন কার্যক্রম পরিবীক্ষণ বাধাগ্রস্ত হচ্ছে। এছাড়াও প্রত্যেক বিদ্যালয়ের অবকাঠামো উন্নয়নের পূর্বে এলজিইডি কর্তৃক প্রণয়নকৃত এসংক্রান্ত পরিবীক্ষণ ম্যানুয়াল প্রতিষ্ঠান প্রধানকে হস্তান্তর করা সমীচিন। সেসাথে ডিপিএইচই কর্তৃক কোন কোন বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে।

২। এমতাবস্থায়, তার উপজেলায় উল্লিখিত ৩টি প্রকল্পের আওতায় বর্তমানে যেসকল বিদ্যালয়ে ভবন/অতিরিক্ত শ্রেণিকক্ষ/ওয়াশব্লক নির্মাণ করা হচ্ছে, নির্মাণ কার্যক্রম শুরু করার পূর্বেই এসকল বিদ্যালয়ের প্রধান শিক্ষককে এসংক্রান্ত ডিজাইন, প্রাক্কলন, পরিবীক্ষণ ম্যানুয়াল এবং এসংক্রান্ত সকল কাগজপত্র হস্তান্তর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


মোঃ বর্দিয়ার রহমান
যুগ্মসচিব
পরিচালক (পরিঃ ও উন্নঃ)

প্রাপক,
১। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
জেলা:

২। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)
উপজেলা:, জেলা:

স্মারক নং ৩৮.০১.০০০০.৭০০.১৪.০১২.১৮-২৭/০৭২(৩৩)

তারিখ: ০২ মাঘ ১৪২৬
২৩ জানুয়ারি ২০২০

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
- ৩। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল), বিভাগ:
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহোদয়ের সদয় অবগতির জন্য), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৫। সংরক্ষণ নথি।